দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 14 MAR 2016 ...
পৃঃ 2 ৫ কলাম ৬ ......

# চুয়েটের সমাবর্তন

## ক্যাম্পাসজুড়ে উৎসব আমেজ

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে আজ সোমবার অনুষ্ঠিত হতে যাচ্ছে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) তৃতীয় সমাবর্তন অনুষ্ঠান। সমাবর্তনকে ঘিরে যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। সকালে শোভাযাত্রার মধ্যদিয়ে আয়োজনের আনুষ্ঠানিকতা শুরু হবে। এরপর বিশ্ববিদ্যালয় খেলার মাঠে বসবে মূল অনুষ্ঠান। সেখানে গ্র্যাজুয়েটদের হাতে সনদ তুলে দেবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। সবশেষে সাবেক গ্র্যাজুয়েটদের পুনর্মিলনী অনুষ্ঠান হবে। চুয়েটের উপাচার্য অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম জানান, 'এটি আমাদের জন্য বড় উৎসব। আমার সাবেক ছাত্র-ছাত্রীরা মহামান্য রাষ্ট্রপতির হাত থেকে সম্মাননা নেবেন। মহামান্য রাষ্ট্রপতিকে স্বাগত জানাতে আমরা প্রস্তুত। এখন শুধু সেই মাহেন্দ্রক্ষণের অপেক্ষা। তিনি আরও জানান, এবার সমাবর্তনে ২০১২ সালের ১৬ অক্টোবর থেকে ২০১৬ সালের ২৯ ফেব্রুয়ারি পর্যন্ত এক হাজার ৬০৩ জনকে ডিগ্রী প্রদান করা হচ্ছে। এদের মধ্যে স্নাতকে এক হাজার ৫৬৪, মাস্টার্সে ৩২ জন, পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা চারজন এবং পিএইচডি ডিগ্রী পাচ্ছেন তিনজন। এর মধ্যে গোল্ড মেডেল পাবেন চার। সমাবর্তনে এবারই প্রথম পেট্রোলিয়াম এ্যান্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (পিএমই) বিভাগ থেকে পাস করা শিক্ষার্থীদের ডিগ্রী দেয়া হচ্ছে। এদিকে সমাবর্তন অনুষ্ঠানকে ঘিরে ইতোমধ্যে প্রিয় ক্যাম্পাসে ফিরতে শুরু করেছে বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীরা। সাবেক শিক্ষার্থীদের আগমনে চুয়েট ক্যাম্পাসে দেখা দিয়েছে উৎসবের আমেজ। সমাবর্তনকে ঘিরে ক্যাম্পাসের বিভিন্ন পয়েন্টে আলোক সজ্জা সেই আমেজ আরও বাড়িয়ে দিয়েছে।